গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

**জুলাই ও আগস্ট, ২০২৪ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া<br>মাননীয় উপদেষ্টা |
| সভার তারিখ | ২৯ আগস্ট ২০২৪ |
| সভার সময় | বেলা ০২.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) এবং ডিজিটাল প্লাটফর্ম (জুম)। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনা নিমিত্ত উপস্থাপনের জন্য সচিব-কে অনুরোধ করেন। সচিব জানান যে, গত ৩১ জুলাই ২০২৪ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জুন ২০২৪ মাসের এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। তিনি আরো জানান, চলমান অর্থবছরে ০৬টি প্রকল্প চলমান রয়েছে এবং সবুজ পাতায় আরো ০৭টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। ২০২৪-২৫ অর্থ-বছরে এডিপি-তে চলমান ০৬টি প্রকল্পের মধ্যে ০৪টি বিনিয়োগ ও ০২ টি কারিগরি সহায়তাপুষ্ট প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পসমূহের অনুকূলে মোট ২৪৮৩৬.০০ লক্ষ (জিওবি ১৩৬১৭.০০ লক্ষ এবং পিএ ১১২১৯.০০ লক্ষ) টাকা এডিপি বরাদ্দ রয়েছে। উক্ত এডিপি বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২৪ পর্যন্ত ব্যয় ২০৬৮.৬১ লক্ষ টাকা, যা বরাদ্দের ৮.৩২%।

**০২। প্রকল্পভিত্তিক আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা:** সভায় চলমান প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

**২.১ "শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রূপান্তর" শীর্ষক প্রকল্প:**

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৯.০৪ লক্ষ টাকা (জিওবি: ৩৯৯৯.০৪ এবং নিজস্ব অর্থায়ন ১০০০.০০) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ১১৬১.০০ লক্ষ টাকা। আগস্ট ২০২৪ পর্যন্ত অবমুক্তি ৩০৮.১৭ লক্ষ টাকা এবং ব্যয় ৮.০৬ টাকা যা বরাদ্দের ০.৬৯%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৮৩.০৬ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ১৭.৬৬%। এ প্রকল্পের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে ইউসেপ-বাংলাদেশ কাজ করছে। এ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে ১৫০০০ জনকে প্রশিক্ষণ প্রদানপূর্বক প্রশিক্ষিত জনগোষ্ঠীর ৮০% কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | কর্মপরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করা প্রয়োজন। বিগত ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হলে কোন দরপত্র দাখিল না হওয়ায় বর্তমানে পুন:দরপত্র | প্রশিক্ষণ সামগ্রী দ্রুত ক্রয়ের লক্ষ্যে ডিপিপির সংস্থান অনুসারে PPR-২০০৮ অনুসরণ করে ক্রয় সম্পাদন করতে হবে। | শ্রম অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক, |

| | | | |
|---|---|---|---|
| | আহবানের প্রক্রিয়া গ্রহণ ব[illegible] ৫ অর্থবছরে এ ক্রয় সম্পাদনে আতারক্ত ০৬ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে মর্মে সভাকে অবহিত করা হয়। সেপ্রেক্ষিতে দ্রুত অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | | ইউসেপ বাংলাদেশ। |
| ২. | প্রকল্পের অগ্রগতি ডিপিপি অনুযায়ী প্রতিপালন করতে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের কার্যক্রম ডিপিপি অনুযায়ী প্রতিপালন করতে হবে। | |

**২.২ "মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্প:**

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৬.৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ১৩৩২.০০ লক্ষ টাকা। আগস্ট ২০২৪ পর্যন্ত অবমুক্তি ৩৩৩.০০ লক্ষ টাকা এবং ব্যয় ০.০০ টাকা যা বরাদ্দের ০.০০%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১.১৮ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ০.০২%। প্রকল্পটির মাধ্যমে সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলায় শ্রম ও কর্মসংস্থান প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন করা হবে যার মাধ্যমে কর্মপ্রত্যাশী বেকার জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্পটির পূর্তকাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরে যোগাযোগ অব্যহত জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, শ্রম অধিদপ্তর |

**২.৩ "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্প:**

**ক. আর্থিক অগ্রগতি:** কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৭৯১.০০ লক্ষ টাকা এবং ২০২৪-২৫ প্রকল্পটির এডিপি বরাদ্দ ৯১৮৬.০০ লক্ষ টাকা হলেও মূল বরাদ্দ প্রাপ্ত হয়েছে ৭৩১১.১২ লক্ষ টাকা। তার বিপরীতে আগস্ট, ২০২৪ পর্যন্ত ১৮২৮.১৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ১৩১০.৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৭.৯৩%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৬৮৭.৮০ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ১৯.৭৫% ।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্পটির জমি অধিগ্রহণ এবং চলমান ভবন নির্মাণ কার্যক্রম যথাসময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | জমি অধিগ্রহণ এবং চলমান ভবন নির্মাণ কার্যক্রম তরান্বিত করতে হবে এবং প্রয়োজনে মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও কলকারখানা ও প্রতিষ্ঠান |

| | | | |
|---|---|---|---|
| ২. | সভায় অঙ্গসমূহের ব্যয়/পরিমান বৃদ্ধি এবং মূল ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের ব্যয় ২৮৭৯১.০০ লক্ষ টাকা হতে ১৪১১.০০ লক্ষ টাকা (৪.৯০%) টাকা বৃদ্ধি করে ৩০২০২.০০ লক্ষ টাকায় নির্ধারণে যৌক্তিকতা আলোচনা করা হয়। | প্রকল্পের ৫% ব্যয় বৃদ্ধির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | পরিদর্শন অধিদপ্তর। |
| ৩. | প্রকল্পের কাজের গুনগতমান বজায় রেখে যথাসময়ে প্রকল্প সমাপ্ত করতে প্রকল্প পরিচালক-কে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের কাজের গুনগতমান বজায় রেখে সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | |

**২.৪ বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) প্রকল্প:**

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি মে ২০২২ হতে এপ্রিল ২০২৫ মেয়াদে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৬৭.৫৭ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি-তে ১১৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে আগস্ট ২০২৪ পর্যন্ত ২৭৪.৫ লক্ষ টাকা ছাড় এবং ১৩.৩১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১.১৬%। আগস্ট ২০২৪ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৮৩৫.০৮ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ৫৪.৪৯%। এ প্রকল্পের মাধ্যমে নির্বাচিত সেক্টরের শ্রমিকের ডেটাবেজ প্রণয়নপূর্বক শ্রমিক চিহ্নিতকরণ নম্বর প্রদানের কার্যক্রম বাস্তবায়ানাধীন রয়েছে।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সফটওয়্যারে অন্তর্ভুক্ত শ্রমিকদের সফটওয়্যার ব্যবহার এবং সার্বিক বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে অনলাইনে প্রশিক্ষণ ব্যবস্থা করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সফটওয়্যারে অন্তর্ভুক্ত শ্রমিকদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ২. | আলোচ্য প্রকল্পটি ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এ পর্যায়ে প্রকল্পের ২য় পর্যায় গ্রহণের বিষয়ে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা কাজের অগ্রগতি সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের ২য় পর্যায় গ্রহণের কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে। | |
| ৩. | প্রশিক্ষণ মডিউল সকল উপকারভোগীর ব্যবহার উপযোগী করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশিক্ষণ মডিউল সকল উপকারভোগীর ব্যবহার উপযোগী করতে হবে। | |

**২.৫ "বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান)" শীর্ষক প্রকল্প:**

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত মোট ৪৭৩৩.০৯ লক্ষ টাকা (ডিপিএ-জিআইজেড) ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ নিশ্চিতে সহায়তা করা। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ২০৮২.০৬ লক্ষ টাকা। আগস্ট ২০২৪ পর্যন্ত অবমুক্তি ২০৮২.০৬ লক্ষ টাকা এবং ব্যয় ৪৬৫.৩৪ লক্ষ টাকা যা বরাদ্দের ২২.৩৪%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৭৫২.৬৪ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ৫৮.১৫%।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পেশাগত স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় এর আলোকে ট্যানারি শিল্পের ঝুঁকি নির্ধারণ কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। | ট্যানারি শিল্পের চিহ্নিত ঝুঁকি ও তাঁর প্রতিকার বিষয়ে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ২. | সুবিধাবোগীদের ও ডাইফ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং তৎপরবর্তী ফলোআপের প্রয়োজনীয়তা প্রসংগে আলোচনা করা হয়। | প্রশিক্ষণের ফলোআপ কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ৩. | প্রকল্পটি ডিসেম্বর ২০২৫ এ সমাপ্ত হবে বিধায় প্রকল্পের Exit Plan প্রসঙ্গে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের জন্য Exit Plan প্রণয়ন করতে হবে। | |

## ২.৬ "Advancing Decent Work in Bangladesh" শীর্ষক প্রকল্প।

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও এর সহযোগিতায় জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে মোট ২৬৮৪১.২২ লক্ষ টাকা (ডিপিএ) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এটি একটি নতুন অনুমোদিত প্রকল্প এবং বিগত ১৪/১১/২০২৩ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। ২০২৪-২৫ অর্থবছরের এডিপি'তে উক্ত প্রকল্পে ৯১৩৭.৩১ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যার বিপরীতে আগস্ট ২০২৪ পর্যন্ত অবমুক্তি ২৭১.১০ লক্ষ টাকা এবং ব্যয় ২৭১.১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অগ্রগতির হার বরাদ্দের ২.৯৬%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬০১.৪৭ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ৫.৯৬%। এ প্রকল্পের মাধ্যমে আইএলও রোডম্যাপ বাস্তবায়নের জন্য শ্রম আইন সংশোধন, শিশুশ্রম নিরসন, শোভন কর্মপরিবেশ নিশ্চিত করতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | আইএলও প্রতিনিধি সভায় প্রকল্পটির এ্যাকশন প্ল্যান অনুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয়ে অবগত করেন। সেপ্রেক্ষিতে প্রকল্পটির এ্যাকশন প্ল্যান অনুযায়ী কার্যক্রম পরিচালন করা এবং উক্ত কার্যক্রমের প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রকল্পটির এ্যাকশন প্ল্যান অনুযায়ী কার্যক্রম পরিচালন করতে হবে এবং উক্ত কার্যক্রমের প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও বাংলাদেশ। |
| ২. | আইএলও প্রতিনিধি জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৩০.৩৭ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির হার ৪.৯৫%। সে প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির অগ্রগতি বিষয়ক পিআইসি আয়োজনের জন্য সভায় একমত পোষণ করা হয়। | প্রকল্পটির পিআইসি ও পিএসসি সভা আয়োজন করতে হবে। | |

২.৭ "“বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট” শীর্ষক প্রকল্প” শীর্ষক প্রকল্প:

**ক. আর্থিক অগ্রগতি:** প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মার্চ, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে মোট ১৪০৯.৫৫ লক্ষ টাকা (ডিপিএ-আইএলও) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ ১৪০৯.৫৫ লক্ষ টাকা। জুন ২০২৪ পর্যন্ত অবমুক্তি ১৪০৯.৫৫ লক্ষ টাকা এবং ব্যয় ১৩৮৩.০৪ টাকা যা বরাদ্দের ৯৮.১১%। প্রকল্পটির জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৮৩.০৪ লক্ষ টাকা।

**খ. বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্পটি জুন ২০২৪ এ সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। তবে আইএলও হতে প্রকল্পের জন্য বর্ধিত সহায়তা প্রাপ্তির প্রেক্ষিতে মেয়াদ বৃদ্ধির অনুরোধ করা হয়েছে। | প্রকল্পের অতিরিক্ত অর্থায়নের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর সম্মতিপত্রসহ প্রস্তাব প্রেরণ করতে হবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর ও আইএলও বাংলাদেশ। |

**৩. অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ:** মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ সম্পর্কে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, বর্তমানে এ মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর/সংস্থার মোট ০৭টি প্রকল্প রয়েছে। প্রকল্পগুলোর বর্তমান অবস্থা ছকে উপস্থাপন করা হল।

**ক. সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহঃ**

(অংক সমূহ লক্ষ টাকায়)

| ক্রম: | প্রকল্পের শিরোনাম | অর্থায়নের উৎস | বর্তমান অবস্থা/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্প। | ৯৯৯,৩০.০০ | প্রকল্পটির ডিপিপি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২ | জাতীয় শ্রম ইন্সটিটিউট স্থাপন প্রকল্প। | ২৯,৪৬২.৩২ | প্রকল্পটির ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলেও তথ্য হালনাগাদ করা প্রয়োজন। |
| ৩ | টংগী শ্রম কল্যাণ কেন্দ্রের পুর্নর্নির্মাণ ও আধুনিকায়ন। | ১৩,৩৬৩.১৬ | ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | তৈরি পোশাক ও চামড়া শিল্পে নিয়োজিত শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প। | জিআইজেড ৭৬৪৪.০০ (ডিপিএ) | প্রকল্পটির TAPP পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৫ | নির্বাচিত সেক্টরে পেশাগতত স্বাস্থ্য সুরক্ষা, প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক প্রকল্প । | ১৭১৭১.৪১ জিওবি | প্রকল্পটির ডিপিপি এখনও পাওয়া যায়নি। |
| ৬ | কলকারখানায় নারী শ্রমিকের ন্যায্যতা নিশ্চিতকরণ প্রকল্প। | ৯৫০.০০ জিওবি | প্রকল্পটির ডিপিপি এখনও পাওয়া যায়নি। |
| ৭ | আধুনিক সুবিধায় খুলনা ও বরিশালে ০২টি বহুতল শ্রম ভবন নির্মাণ প্রকল্প। | ৩,০০০.০০ জিওবি | পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনঃগঠিত ডিপিপি পাওয়া যায়নি। |

৪. বিবিধ:

৪.১ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. পূর্ত নির্মাণ সংশ্লিষ্ট সকল প্রকল্পসূমহ OTM পদ্ধতিতে টেন্ডার করতে হবে;
খ. প্রকল্পসমূহের অডিট দ্রুত সম্পন্ন করতে হবে।
গ. সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে।
ঘ. জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্পটি দ্রুত বুঝে নিতে হবে এবং প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।

**বাস্তবায়নঃ** উন্নয়ন অনুবিভাগ, শ্রম অধিদপ্তর, ডাইফ, আইএলও, জিআইজেড।

৫. সভাপতি সকল প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং এর নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের অর্থ সঠিক ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণসহ প্রকল্পে কোন দুর্নীতি যাতে না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

২৯.০৯.২৪

আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া
উপদেষ্টা

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২০ মে ২০২৪

স্মারক নং-৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ;
৩। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৬। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৭। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;
৮। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৯। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১০। অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর;
১২। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
১৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১৪। প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

১৫। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১৬। পরিচালক, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প, ঢাকা;
১৭। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১৮। ন্যাশনার প্রজেক্ট কো-অর্ডিনেটর, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রক, ঢাকা;
১৯। উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
২০। একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,, ঢাকা;
২১। প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা;
২২। পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর;
২৩। প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২৪। পরিচালক, শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রুপান্তর শীর্ষক প্রকল্প, ঢাকা;
২৫। পরিচালক, বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান), ঢাকা;
২৬। যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২৭। যুগ্ম মহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২৮। Saidul Islam, Senior Programme, Officer, ILO, Dhaka;
২৯। প্রধান সহকারী (চলতি দায়িত্ব), উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা, শ্রম অধিদপ্তর;
৩০। পরিচালক, Advancing Decent work in Bangladesh Project শীর্ষক প্রকল্প;
৩১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৩২। একাউন্টস অফিসার, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৩৩। Shafinaz Sha, Program manager, বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট শীর্ষক প্রকল্প, ঢাকা এবং
৩৪। ইউসেপ, বাংলাদেশ, ঢাকা।।

২৭/৫/২৪

মোহাম্মদ সাইদুর রহমান
উপসচিব